পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর।

Website : www.nubd.info/202

স্মারক নং- জাতীঃ বিঃ/পনি/অনার্স-২য় বর্ষ/২৯/২০১৪/৯০০২

তারিখঃ ২৫ ভাদ্র, ১৪২২ বঙ্গাব্দ
০৯ সেপ্টেম্বর, ২০১৫ খ্রিস্টাব্দ

আবেদন ফরম পূরণ সংক্রান্ত সংশোধিত বিজ্ঞপ্তি
(অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য)

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৩ সালের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করে যে সকল শিক্ষার্থী অকৃতকার্য হয়েছে বা F, D এবং C গ্রেড নিয়ে Promoted হয়েছে সেসব পরীক্ষার্থীদের আবেদন ফরমপূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম On-line-এ আগামী ০৫ অক্টোবর, ২০১৫ তারিখ থেকে শুরু হবে। এ পরীক্ষার আবেদন ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম On-line -এর মাধ্যমে সম্পন্ন করা হবে। পরীক্ষার আবেদন ফরম, বিবরণী ফরম পূরণ ও জমাদানের তারিখ, আনুষঙ্গিক নিয়ম ও শর্তাবলী নিম্নরূপ ঃ

ক্রঃ নং	পরীক্ষার্থীদের ফি-এর বিবরণ	টাকা	আবেদন ফরম, বিবরণী ফরম পূরণ শুরু ও শেষ তারিখ	ডাটা এন্ট্রির শেষ তারিখ	সোনালী সেবার মাধ্যমে টাকা জমার শুরু ও শেষ তারিখ	বিবরণী ফরম ও অন্যান্য কাগজপত্র জমাদানের শেষ তারিখ
০১	তত্ত্বীয় (প্রতি পূর্ণ পত্র)- বিশ্ববিদ্যালয়ে জমা হবে	২০০/-	৫/১০/২০১৫ সোমবার হতে ১৫/১০/২০১৫ বৃহস্পতিবার	১৮/১০/২০১৫ রবিবার রাত্র : ১১.৫৯ টা	১৯/১০/২০১৫ সোমবার হতে ২০/১০/২০১৫ মঙ্গলবার বিকাল ৪.০০টা পর্যন্ত	২৫/১০/২০১৫ রবিবার
০২	তত্ত্বীয় (প্রতি অর্ধ পত্র)- বিশ্ববিদ্যালয়ে জমা হবে	১৪০/-				
০৩	ব্যবহারিক (প্রতি পত্র/কোর্স)- বিশ্ববিদ্যালয়ে জমা হবে	২০০/-				
০৪	ইনকোর্স পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থী)- বিশ্ববিদ্যালয়ে জমা হবে	১০০/-				
০৫	মৌখিক ফি (প্রতি পরীক্ষার্থী)- বিশ্ববিদ্যালয়ে জমা হবে	২০০/-				
০৬	বিশেষ অন্তর্ভূক্তি ফি (গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য পত্র প্রতি ফি এর অতিরিক্ত) প্রতি পরীক্ষার্থী - বিশ্ববিদ্যালয়ে জমা হবে	৩০০/-				
০৭	শুধুমাত্র ইংরেজী (আবশ্যিক)পরীক্ষার্থীদের ক্ষেত্রে-বিশ্ববিদ্যালয়ে জমা হবে	৫০০/-				
০৮	কেন্দ্র ফি তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী)- কলেজে জমা হবে	৩৫০/-				
০৯	কেন্দ্র ফি ব্যবহারিক (প্রতি পরীক্ষার্থী)-কলেজে জমা হবে	১২০/-				

বিঃ দ্রঃ ঃ ফরমপূরণের নির্ধারিত সময়ের পর বিলম্ব ফি দিয়ে ফরমপূরণের কোন সুযোগ নাই।

০১. On-line-এর মাধ্যমে আবেদন ফরমপূরণের নিয়মাবলী ঃ

- শিক্ষার্থী নিজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nubd.info/202) এ গিয়ে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে আবেদন ফরমপূরণ করতে পারবে। আবেদন ফরমে বিষয়কোড ও ফি উল্লেখ থাকবে। আবেদন ফরমপূরণ প্রক্রিয়া সম্পন্ন হলে ফরম ডাউনলোড করে প্রিন্ট নিয়ে সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে ফিসহ জমা দিতে হবে।
- আবেদন ফরমের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি ছবি নির্ধারিত স্থানে আইকা আঠা দিয়ে লাগিয়ে এবং ০১ (এক) কপি ছবি ফরমের সাথে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

০২. পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী ঃ

- ২০১৩ সালের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করে যে সকল শিক্ষার্থী ৩য় বর্ষে উত্তীর্ন হয়েছে তাঁরা যে সকল কোর্সে C এবং D গ্রেড পেয়েছে শুধুমাত্র সে সকল কোর্সে ২০১৪ সালের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় মানোন্নয়ন পরীক্ষার্থী হিসাবে অংশ গ্রহণ করতে পারবে। উল্লেখ্য মানোন্নয়ন পরীক্ষায় অংশ গ্রহণ না করলে এ পরীক্ষার্থী উল্লিখিত কোর্সে পরবর্তী বছরে মানোন্নয়ন পরীক্ষায় অংশ গ্রহণের আর কোন সুযোগ পাবে না। ২০১২ সালের পার্ট-২ পরীক্ষায় অংশগ্রহণ করে যেসব শিক্ষার্থী F, D বা C গ্রেড পেয়ে ২০১৩ সালের পরীক্ষায় অংশ নিয়ে C বা D গ্রেড পেয়েছে তাদের ২০১৪ সালের পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ নাই।
- যে সকল পরীক্ষার্থী ২০১৩ সালের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় উত্তীর্ন হয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে F গ্রেড পেয়েছে তারা ২০১৪ সালের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে অংশ গ্রহণ করতে পারবে। উল্লেখ্য, মানোন্নয়ন ও গ্রেড উন্নয়ন পরীক্ষা একই সঙ্গে দেয়া যাবে। সংশোধিত পরীক্ষা রেগুলেশন অনুযায়ী একজন পরীক্ষার্থী প্রাপ্ত F গ্রেড কে D বা উচ্চতর গ্রেডে উন্নয়নের জন্য রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা পর্যন্ত অংশ গ্রহণের সুযোগ পাবে। F গ্রেড প্রাপ্ত কোর্সে অংশগ্রহণ করে D বা উচ্চতর গ্রেড না পেলে পরীক্ষার্থী চূড়ান্ত পরীক্ষা শেষে অনার্স ডিগ্রি প্রাপ্য হবে না।
- ২০১১, ২০১২ এবং ২০১৩ সালের ২য় বর্ষ পরীক্ষায় যেসব পরীক্ষার্থী যে/যেসব কোর্সে F গ্রেড পেয়েছে কিন্তু ৩য় বর্ষে Promoted হয়েছে তারা ২০১৪ সালের পরীক্ষায় ঐ F গ্রেড পাওয়া কোর্সে অংশ গ্রহণ করতে পারবে। F গ্রেড কোর্স D বা এর বেশী গ্রেডে উন্নীত হলে ঐ কোর্সে মান উন্নয়ন পরীক্ষার সুযোগ নাই।
- ২০১৩ সালের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করে যেসব শিক্ষার্থী Not Promoted হয়েছে তারা ২০১৪ সালের পরীক্ষায় F গ্রেড পাওয়া কোর্স/কোর্সগুলোতে পরীক্ষায় অংশ নেবে। ২০১৩ সালের পরীক্ষায় তার/তাদের/C+ বা এর বেশি গ্রেডের প্রাপ্ত তত্ত্বীয় কোর্সগুলির পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে না। একই সাথে ইংরেজী আবশ্যিক কোর্সে অকৃতকার্য পরীক্ষার্থীরা ইংরেজী আবশ্যিক পরীক্ষায় অংশ নেবে। এ পরীক্ষার্থীরা F গ্রেডের সাথে D এবং C প্রাপ্ত কোর্সগুলোতে ইচ্ছে করলে একই সাথে অংশ নিতে পারবে। Promoted হলে এসব F, D এবং C প্রাপ্ত কোর্সে মানউন্নয়ন পরীক্ষার সুযোগ নাই। ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অনুপস্থিত/অকৃতকার্য কোর্সে ২০১৪ সালের পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যতামূলক। ২০১৪ সালের পরীক্ষায় অকৃতকার্য/অনুপস্থিত ব্যবহারিক বা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণে ব্যর্থ শিক্ষার্থীর কোর্স বাতিল হয়ে যাবে। ২০১৩ সালের ব্যবহারিক পরীক্ষায় উর্ত্তীন শিক্ষার্থীদের পুনরায় ঐ কোর্সে পরীক্ষা বা মানউন্নয়ন পরীক্ষার সুযোগ নাই।
- যে সকল পরীক্ষার্থী ২০১২ এবং ২০১৩ সালের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় অংশ নিয়ে পরপর ০২ (দুই) বার Not Promoted হয়েছে বা পরীক্ষায় অংশগ্রহন করে নাই, তারা ২০১৪ সালের পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না। এসব শিক্ষার্থীর কোর্স বাতিল বলে গন্য হবে।
- ইংরেজী আবশ্যিক (কোড-৯৯৯৯) কোর্সে অকৃতকার্য ২০০৮-০৯, ২০০৯-১০, ২০১০-১১, ২০১১-১২ এবং ২০১২-১৩ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা ২০১৪ সালের পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে।

০২. পাঠ্যসূচী ঃ

- ❖ সকল বিষয়ের পরীক্ষা ৪ বছর মেয়াদী অনার্স কোর্সের পাঠ্যসূচী ও সংশোধিত রেগুলেশন ২০০৯-২০১০ শিক্ষাবর্ষ থেকে কার্যকর সিলেবাস অনুযায়ী শেষ বারের মত অনুষ্ঠিত হবে। এ সিলেবাসে ভবিষ্যতে আর কোন পরীক্ষা অনুষ্ঠিত হবে না। তবে কোন শিক্ষার্থীর রেগুলেশন অনুযায়ী গ্রেড উন্নয়ন পরীক্ষার সুযোগ থাকলে তাকে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের সংশোধিত সিলেবাস ও রেগুলেশন অনুযায়ী পরীক্ষা দিতে হবে।

০৪. কলেজের জন্য করণীয় ঃ

- ❖ আবেদন অনুযায়ী সকল পরীক্ষার্থীদের ডাটা On-line-এ সঠিকভাবে এন্ট্রি দিয়ে নিশ্চয়ন করে প্রথমে বিভাগীয় প্রধান অতঃপর অধ্যক্ষ স্বাক্ষর করবেন।
- ❖ প্রত্যেক পরীক্ষার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি ছবি প্রবেশপত্র সরবরাহের পর নির্ধারিত স্থানে আইকা আঠা দ্বারা লাগিয়ে অধ্যক্ষ কর্তৃক সত্যায়নের পর প্রবেশপত্র বিতরণ করতে হবে।
- ❖ নিশ্চয়ন সম্পন্ন হলে On-line-এ পরীক্ষার্থীদের বিবরণী প্রিন্ট নিতে হবে।
- ❖ ২য় বর্ষ অনার্স পরীক্ষার জন্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট যথাসময়ে চালু হবে এবং বিজ্ঞপ্তিতে উল্লেখিত নির্ধারিত সময়ের পর স্বয়ংক্রিয়ভাবে তা বন্ধ হয়ে যাবে। সুতরাং নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে।
- ❖ নিশ্চয়নের ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতা অবলম্বনের জন্য অনুরোধ করা হলো। ফরমপূরণ করা কোন পরীক্ষার্থীর নিশ্চয়ন যেন বাদ না যায় বা এক জনের পরিবর্তে অন্য জনকে নিশ্চয়ন না করা হয় তা নিশ্চিত করতে হবে। নিশ্চয়নের পর ফরমপূরণ সংক্রান্ত কোন অভিযোগ গ্রহণ করা হবে না।

০৫. ফি জমাদানের পদ্ধতি ঃ

- ❖ অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য ২০১৪ সালের অনার্স ২য় বর্ষ (বিশেষ) পরীক্ষার সকল পরীক্ষার্থীদের ফি ডিজাইনকৃত নির্ধারিত জমা ফরম বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nubd.info/202 থেকে ডাউনলোড করে "সোনালী সেবা"-এর মাধ্যমে যে কোন সোনালী ব্যাংকের শাখায় জমা দিতে হবে।
- ❖ সংশ্লিষ্ট কলেজ www.nubd.info/202 ওয়েব সাইট অথবা কলেজের ইমেইল এড্রেসে-এ Login করে Pay Slip ডাউনলোড করবে। Pay Slip -এ সংশ্লিষ্ট খাতের সঞ্চয়ী হিসাব নম্বর উল্লেখ পূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর Print Copy নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।
- ❖ Pay Slip সংগ্রহের জন্য ১৯/১০/২০১৫ তারিখ সোমবার সকাল ১০.০০ টা থেকে ২২/১০/১৫ তারিখ বৃহস্পতিবার বিকাল ০৪.০০ টা পর্যন্ত Link Active থাকবে। নির্ধারিত সময়ের পূর্বে অথবা পরে Pay Slip ডাউনলোড করা এবং টাকা জমা দেয়া যাবে না। ব্যাংক-এ প্রচলিত অন্য কোন ফরমে টাকা জমা প্রদান করা হলে পরবর্তীতে উদ্ভূত জটিলতার জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
- ❖ সোনালী সেবা সংক্রান্ত প্রয়োজনে ০১৫৫৭০০৮০৮০ অথবা ০১৮৬৭০৬৫১১১ মোবাইল নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

০৬. বিবরণী ফরম জমা ঃ

- ❖ আবেদন ফরমপূরণকৃত পরীক্ষার্থীদের বিষয়ভিত্তিক বিবরণীতে সংশ্লিষ্ট পরীক্ষার্থী বিভাগীয় প্রধান ও অধ্যক্ষের স্বাক্ষরের পর মূল কপি বেঁধে জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্ব স্ব আঞ্চলিক কেন্দ্রে নির্ধারিত তারিখে জমা দিতে হবে এবং এর ফটোকপি কলেজে সংরক্ষণ করবে।
- ❖ আঞ্চলিক কেন্দ্রের ঠিকানা ঃ

জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র রাজশাহী ঃ বাড়ী # ০৫, রোড # ০১, গ্রীন ভিলা পারিজাত আ/এ, ভদ্রা, রাজশাহী। ফোন # ০৭২১-৭৬২১৪১	জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র চট্টগ্রাম ঃ মাস্টার কটেজ, বাড়ী # ৪৩, রোড নং-০১, ভি.আই.পি-এইস.এস, দক্ষিণ খুলশী চট্টগ্রাম-৪০০০ ফোন # ০৩১-২৫১৫৭২৪, ০১৭৪০৯৪৪৬০৮	জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র সিলেট ঃ আহাদ ভিলা, পাঠানটুলি পয়েন্ট সিলেট। ফোন # ০৮২১-৭২৯১০২
জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র খুলনা ঃ বাড়ী # ২৭৭, রোড # ০১ কেডিএ সোনাডাঙ্গা আ/এ, ২য় ফেজ, খুলনা-৯১০০। ফোন # ০৪১-৭৩৬৭৬	জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র বরিশাল ঃ হোল্ডিং # ১০০০, ওয়ার্ড # ১২ মেডিকেল কলেজ লেন, দক্ষিণ আলেকান্দা বরিশাল-৮২০০। ফোন # ০৪৩১-৬১১৬৮ মোবাইল- ০১৭১৫-৫৭৭৭০৫	জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র রংপুর ঃ বাড়ী # ৩৯০, জিএলরায় রোড কামাল কাছনা, রংপুর-৫৪০০। ফোন # ০৫২১-৫৬০১৫
ঢাকা বিভাগের জন্য ঃ জাতীয় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস, গাজীপুর-১৭০৪		

০৭. পরীক্ষা পরিচালনা ঃ

- ❖ সংশ্লিষ্ট কলেজ কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থের ৪০% {অর্থাৎ প্রতি পরীক্ষার্থী X ১৪০ (একশত চল্লিশ) টাকা} দ্বারা পরীক্ষা সংক্রান্ত ব্যয় যেমনঃ বিশ্ববিদ্যালয়ে যাতায়াত, বিবরণী প্রিন্ট/ফটোকপি ইত্যাদি নির্বাহ করবে। অবশিষ্ট ৬০% অর্থ কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার (যে কেন্দ্রে সংশ্লিষ্ট কলেজের পরীক্ষার্থীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে সে কেন্দ্রের) নিকট পরীক্ষার পূর্বেই জমা দিতে হবে। যা দ্বারা কেন্দ্রের যাবতীয় ব্যয় (বিশ্ববিদ্যালয় হতে পরীক্ষার উত্তরপত্র, প্রশ্নপত্র সংগ্রহ, আনুষঙ্গিক দ্রব্যাদি গ্রহণ, পরীক্ষানুষ্ঠান ও উত্তরপত্র প্রেরণ ইত্যাদি) নির্বাহ করবে।
- ❖ ব্যবহারিক পরীক্ষা স্ব-স্ব কলেজে (প্রয়োজনীয় সংখ্যক পরীক্ষার্থী থাকা সাপেক্ষে) অনুষ্ঠিত হবে। সেক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষার কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ সংশ্লিষ্ট কলেজ ব্যবহার করবে। ব্যবহারিক পরীক্ষার জন্য রাসায়নিক বা অন্যান্য আনুষঙ্গিক দ্রব্যাদি ক্রয়ের জন্য বিশ্ববিদ্যালয় হতে কোন অর্থ প্রদান করা হবে না।
- ❖ পরীক্ষার সময়সূচী ও অন্যান্য যাবতীয় তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www. nubd.info/202) থেকে জানা যাবে।

০৮. ইনকোর্স পরীক্ষার নম্বর প্রেরণ ঃ

- ❖ শিক্ষার্থীদের প্রবেশপত্র গ্রহণের পর সংশ্লিষ্ট কোর্সের কোড নম্বর ও রোল নম্বরের বিপরীতে প্রাপ্ত মোট নম্বর On-line এ প্রেরণ করতে হবে, এর এক কপি নম্বরপত্র সংশ্লিষ্ট শাখার উপ-পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট প্রেরণ এবং এক কপি সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের অফিসে সংরক্ষণ করতে হবে।

০৯. ব্যবহারিক পরীক্ষা ঃ

- ❖ ব্যবহারিক পরীক্ষার তারিখ ও সময় তত্ত্বীয় পরীক্ষা শেষে যথাসময়ে পত্র মারফত জানানো হবে।

১০. ফলাফল ঃ এ পরীক্ষার ফলাফল গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হবে।

১১. গ্রেডিং সিস্টেম (Grading System)ঃ

উত্তরপত্র নম্বরের ভিত্তিতে মূল্যায়ণ করা হবে। একজন পরীক্ষার্থীর তত্ত্বীয় ও ব্যবহারিক পরীক্ষায় প্রাপ্ত নম্বরকে লেটার গ্রেড (Letter Grade) ও গ্রেড পয়েন্ট (Grade Point)-এ রূপান্তর করা হবে। পরীক্ষার্থীর ফলাফল মূল্যায়ণের জন্য নিম্নলিখিত লেটার গ্রেড ও corresponding গ্রেড পয়েন্ট থাকবে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক প্রদত্ত অভিন্ন গ্রেডিং পদ্ধতি অনুযায়ী গাণিতিক (numerical) নম্বর, লেটার গ্রেড ও গ্রেড পয়েন্ট হবে নিম্নরূপ ঃ

Numerical Grade	Letter Grade (LG)	Grade Point (GP)
80% or above	A+ (Plus)	4.00
75% to less than 80%	A (Plain)	3.75
70% to less than 75%	A- (Minus)	3.50
65% to less than 70%	B+ (Plus)	3.25
60% to less than 65%	B (Plain)	3.00
55% to less than 60%	B- (Minus)	2.75
50% to less than 55%	C+ (Plus)	2.50
45% to less than 50%	C (Plain)	2.25
40% to less than 45%	D (Plain)	2.00
<40%(less than 40%)	F (Fail)	0.00

পাস নম্বর ঃ

কোর্সের নম্বর	১০০ (৪ ক্রেডিট)	৫০ (২ ক্রেডিট)
পাস নম্বর	40	20
গণনাযোগ্য ক্রেডিট	D	D

১২. প্রমোশন ঃ

ক) গ্রেডিং পদ্ধতির সম্মান পরীক্ষায় BA, BSS, BBA এবং B.Sc এর ক্ষেত্রে ২য় বর্ষ থেকে ৩য় বর্ষে প্রমোশনের জন্য সকল কোর্সে পরীক্ষা দিয়ে অন্তত ৩টি তত্ত্বীয় কোর্সে ন্যূনতম D গ্রেড পেতে হবে।

খ) ১টি কোর্সে অনুপস্থিত থেকে শিক্ষার্থী অন্যান্য সকল কোর্সে পরীক্ষা দিয়ে সে সব কোর্সে ন্যূনপক্ষে D গ্রেড পেলে পরবর্তী বর্ষে প্রমোশন পাবে। পরবর্তী বছরের পরীক্ষার্থীদের সঙ্গে তাকে অনুপস্থিত বিষয়ে অবশ্যই পরীক্ষা দিতে হবে।

বি:দ্রঃ পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nu.edu.bd এবং www.nubd.info) এ প্রকাশ করা হবে। চিঠি বা অন্য কোন মারফত কোন তথ্য বা বিজ্ঞপ্তি প্রেরণ করা হবে না। প্রতিদিন উল্লিখিত ওয়েব সাইট সকাল এবং বিকালে অন্ততঃ ২ (দুই) বার চেক করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হল।

(বদরুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
ফোন ঃ ০২-৯২৯১০১৭
ফ্যাক্স ঃ ০২-৯২৯১০৪৪
ই-মেইল ঃ controller@nu.edu.bd

স্মারক নং- জাতীঃ বিঃ/পনি/অনার্স-২য় বর্ষ/২৯/২০১৪/৯০০২

তারিখঃ ২৫ ভাদ্র, ১৪২২ বঙ্গাব্দ
০৯ সেপ্টেম্বর, ২০১৫ খ্রিস্টাব্দ

অনুলিপি,অবগতি ও কার্যার্থেঃ

১। সকল ডীন, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর ।
২। রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৩। পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৪। পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর (জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তিটি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৫। পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর (এ বিজ্ঞপ্তিটি জরুরী ভিত্তিতে ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৬। পরিচালক, তথ্য, পরামর্শ ও নির্দেশনা ইউনিট, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৭। অধ্যক্ষ, সকল অনার্স কলেজ (সংশ্লিষ্ট সকলকে জরুরী ভিত্তিতে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
৮। পরিচালক, সকল আঞ্চলিক কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৯। সচিব ও উপ-রেজিস্ট্রার, ভাইস-চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
১০। উপ-পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
১১। ম্যানেজার, সোনালী ব্যাংক, জাতীয় বিশ্ববিদ্যালয় শাখা, গাজীপুর।
১২। অফিস কপি।

(মোহাঃ আশরাফুজ্জামান)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (অনার্স-২য় বর্ষ)
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
ফোন ঃ ০২- ৯২৯১০৫২
ই-মেইল ঃ dch2.nu@gmail.com